

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

নৌ-পরিবহন অধিদপ্তর

ইনল্যান্ড পরীক্ষা শাখা

১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.dos.gov.bd



স্মারক নম্বর: ১৮.১৭.০০০০.০২৮.০১.০০১.২২.২

তারিখ: ২৯ চৈত্র ১৪২৮

১২ এপ্রিল ২০২২

বিষয়: অভ্যন্তরীণ ও কোস্টাল নৌযানে নাবিক হিসাবে পরীক্ষা গ্রহণ ও যোগদান প্রসংগে।

বাংলাদেশ অভ্যন্তরীণ জাহাজ (লোক নিয়োগ, পরীক্ষা গ্রহণ ও সার্টিফিকেট প্রদান) বিধিমালা ২০০১ ও বাংলাদেশ নৌ-বাণিজ্যিক জাহাজ অফিসার ও নাবিক প্রশিক্ষণ, সনদায়ন, নিয়োগ, কর্মঘন্টা এবং ওয়াচকিপিং বিধিমালা, ২০১১ অনুযায়ী নিম্নোবর্ণিত শর্ত সাপেক্ষে নৌবাহিনীর যোগ্য প্রার্থীগণ অভ্যন্তরীণ ও কোস্টাল জাহাজে চাকুরির জন্য সার্টিফিকেট প্রাপ্তির নিমিত্তে নিম্নোক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

১। দ্বিতীয় শ্রেণীর ইঞ্জিন ড্রাইভার পরীক্ষার যোগ্যতা :

বাংলাদেশ অভ্যন্তরীণ জাহাজ (লোক নিয়োগ, পরীক্ষা গ্রহণ ও সার্টিফিকেট প্রদান) বিধিমালা ২০০১ অধ্যায় -৫ এ ড্রাইভারদের যোগ্যতা সার্টিফিকেট পরীক্ষার ২৩ এর ২ (খ) অনুযায়ী “বাংলাদেশ নৌ-বাহিনীর একজন ইঞ্জিন মেকানিক অথবা লীডিং ইঞ্জিন মেকানিক, যাহার অবশ্যই নৌ-বাহিনীর মোটরচালিত জাহাজে কমপক্ষে পাঁচ বৎসর কাজসহ ন্যূনতম দশ বৎসরের সক্রিয় চাকুরির অভিজ্ঞতা থাকিতে হইবে” এবং বিধি অনুযায়ী এনসিলিয়ারী কোর্সসমূহে অংশগ্রহণ ও সনদপ্রাপ্ত হইতে হইবে।

২। প্রথম শ্রেণীর ইঞ্জিন ড্রাইভার পরীক্ষার যোগ্যতা :

বাংলাদেশ অভ্যন্তরীণ জাহাজ (লোক নিয়োগ, পরীক্ষা গ্রহণ ও সার্টিফিকেট প্রদান) বিধিমালা ২০০১ অধ্যায় -৫ এ ড্রাইভারদের যোগ্যতা সার্টিফিকেট পরীক্ষার ২৩ এর ৩ (খ) অনুযায়ী “বাংলাদেশ নৌ-বাহিনীর ইঞ্জিনিয়ারিং শাখায় ইঞ্জিন রুম আর্টিফিসার (ইঞ্জিন মেকানিক), চীফ পেটি অফিসার (ইঞ্জিন মেকানিক) ও পেটি অফিসার, যাহার বাংলাদেশ নৌ-বাহিনীর জাহাজে অনূন ৫ বৎসর অবস্থান সর্বমোট ১২ বৎসরের সক্রিয় চাকুরির অভিজ্ঞতা রহিয়াছে” এবং বিধি অনুযায়ী এনসিলিয়ারী কোর্সসমূহে অংশগ্রহণ ও সনদপ্রাপ্ত হইতে হইবে।

৩। মেরিন ইঞ্জিনিয়ার অফিসার ক্লাস-৫ সনদ:

বাংলাদেশ নৌ-বাণিজ্যিক জাহাজ অফিসার ও নাবিক প্রশিক্ষণ, সনদায়ন, নিয়োগ, কর্মঘন্টা এবং ওয়াচকিপিং বিধিমালা, ২০১১ এর পরিশিষ্ট- ৪ বিধি ৫ অনুযায়ী প্রার্থীকে মেরিন ইঞ্জিনিয়ার অফিসার ক্লাস-৫ যোগ্যতা সনদ পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন।

১৮-৪-২০২২

কমডোর আবু জাফর মোঃ জালাল উদ্দিন.  
(সি).পিসিজিএম. এনডিসি. পিএসসি. বিএন

মহাপরিচালক

ফোন: ৯৫১৩৩০৫

ফ্যাক্স: ৯৫৮৭৩০১

পরিচালক, নৌকল্যাণ পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তর,  
বনানী, ঢাকা-১২১৩।

ইমেইল: info@dos.gov.bd

১২

স্মারক নম্বর: ১৮.১৭.০০০০.০২৮.০১.০০১.২২.২/১(৩)

তারিখ: ২৯ ফেব্রু ১৪২৮  
১২ এপ্রিল ২০২২

সদস্য অবগতির জন্য প্রেরণ করা হল:

১) নৌপ্রধান, নৌপ্রধানের সচিবালয়, বনানী, ঢাকা-১২১৩।

২) ড্রাফটিং অথরিটি, নৌসদর দপ্তর, বনানী, ঢাকা-১২১৩।

৩) পরিচালক, পার্সোনেল পরিদপ্তর, নৌসদর দপ্তর, বনানী, ঢাকা-১২১৩।



১৮-৪-২০২২

মোঃ আরাফাত হোসেন

ইন্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এন্ড

এক্সামিনার